রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৫, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

## প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১০৫-আইন/২০১৪/৭০০-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার –

(১) বিধি ৪ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত "১/১১৩৩/০০০০/০৩১৩" এর সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১৩" সংখ্যাগুলি, চিহ্নগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৮ এর প্রথম শর্তাংশে, দুইবার; উল্লিখিত "ত্রিশ দিনের" শব্দগুলির পরিবর্তে, উভয়স্থানে "১৫ (পনের) কার্যদিবসের" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ১২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-



মূল্য : টাকা ৭০.০০

"(১) মালিকানা হস্তান্তরের ক্ষেত্র ব্যতীত, কোনো নিবন্ধিত ব্যক্তির ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন করিবার প্রয়োজন হইলে তাহাকে উক্ত পরিবর্তনের অন্যূন ১৪ (চৌদ্দ) কার্যদিবস পূর্বে মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক বা টার্নওভার কর বা অন্যান্য পাওনা সংশ্লিষ্ট অনিষ্পন্ন বা বিচারাধীন বা আপীলাধীন মামলার ক্ষেত্রে জড়িত করের তথ্য এবং মামলার সর্বশেষ অবস্থা বিষয়ে দালিলিক প্রমাণাদি সংযুক্ত করিয়া একশত পঞ্চাশ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দায়-দেনা পরিশোধের একটি অঙ্গীকারনামা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে বা, প্রযোজ্যক্ষেত্রে, কার্যালয়সমূহে ফরম "মূসক-৯" এ দাখিল করিতে হইবে।";

(৪) বিধি ১৬ এর উপ-বিধি (২) এ উল্লিখিত "বাহাত্তর ঘন্টার" শব্দগুলির পরিবর্তে "৫ (পাঁচ) কার্যদিবসের" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১৯ এর–

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "উক্ত কর মেয়াদে" শব্দগুলির পর "অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (৩) এ উল্লিখিত "উক্ত করমেয়াদে বিক্রয়কৃত" শব্দগুলির পর "ট্যারিফ মূল্যের পণ্য ও" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(৪) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ করেন এবং এইরূপ কোনো পণ্য রপ্তানি করেন যাহার প্রস্তুতকরণে বা উৎপাদনে মূল্য সংযোজন করসহ অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হয়, তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উক্ত কর মেয়াদে অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে উহার ওপর প্রদত্ত মূল্য সংযোজন কর চলতি হিসাবের রেয়াত কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের ওপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট করমেয়াদ সমাপ্তির পর উক্ত কর মেয়াদে অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে রপ্তানি বাবদ প্রত্যর্পণযোগ্য কর প্রদেয় কর অপেক্ষা কম হইলে রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের ওপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, আবগারি শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে, সেই পরিমাণ অর্থ চলতি হিসাবের "অন্যান্য সমন্বয়" কলামে লিপিবদ্ধ করিয়া প্রত্যর্পণ গ্রহণ করিতে পারিবেন এবং উহা উক্ত কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।";

(ঘ) উপ-বিধি (৫) এ উল্লিখিত "উক্ত কর মেয়াদেই" শব্দগুলির পর "অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী সন্নিবেশিত হইবে;

(৬) "বিধি ২০ক" এর পরিবর্তে নিম্নরূপ "বিধি ২০ক" প্রতিস্থাপিত হইবে, যথা:-

"২০ক। **মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উৎপাদন পর্যায়ে বিশেষ সুবিধা**।– The Customs Act. 1969 (Act No. IV of 1969) এর Section19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর আওতায় সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অব্যাহতি বা রেয়াতী সুবিধা সংক্রান্ত শুল্ক ও মূল্য সংযোজন কর প্রজ্ঞাপনের আওতাভুক্ত অব্যাহতিপ্রাপ্ত সুনির্দিষ্ট এইচ,এস, কোড এর মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ বাংলাদেশে উৎপাদনের ক্ষেত্রে উহার প্রস্তুতকারক বা উৎপাদক মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে পারিবেন।";

(৭) বিধি ৩২ক এর দফা (ঘ) এ উল্লিখিত "পঞ্চাশ টাকার" শব্দগুলির পরিবর্তে "একশত পঞ্চাশ টাকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৮) ফরম "মূসক-৬" এর আবেদনকারীর জন্য নির্দেশনা অংশের ক্রমিক নং 16 ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক 16 ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "16. | Trade license, TIN & National ID Number | আবেদনকারী সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইলে ট্রেড লাইসেন্স & TIN দাখিলের প্রয়োজন হইবে না এবং আবেদনকারী ব্যক্তি (indivisual) পেশাজীবি হইলে ট্রেড লাইসেন্স দাখিলের প্রয়োজন হইবে না।" |

;

(৯) ফরম "মূসক-৯" এর "সংযোজনী" অংশের ক্রমিক ৫ এর পর নিম্নরূপ ক্রমিক ৬ সংযোজিত হইবে, যথা:-

"৬। অনিষ্পন্ন মামলায় জড়িত অনাদায়ী করের সর্বশেষ অবস্থা সম্পর্কে দালিলিক প্রমাণসহ একশত পঞ্চাশ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দায়-দেনা পরিশোধের অঙ্গীকারনামা [ ]";

(১০) ফরম "মূসক-১৮" এর টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথা:-

| ক্রমিক সংখ্যা | তারিখ | লেনদেনের বর্ণনা[১] | ক্রয় বা বিক্রয় হিসাব পুস্তকের | | ট্রেজারি জমা | রেয়াত[২] | অন্যান্য সমন্বয় (যদি থাকে) | প্রদেয়[৩] | সমাপনী জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | | | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ শওকাত হোসেন )
প্রথম সচিব (মূসক নীতি)